



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ১৬ অক্টোবর, ২০২১

## সংবাদ বিজ্ঞপ্তি

### ২১ অক্টোবর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আগামী ২১ অক্টোবর ২০২১ তারিখ থেকে অনলাইনের পাশাপাশি শ্রেণিকক্ষে সরাসরি পাঠদান কার্যক্রম শুরু হবে। একইদিন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে বিকাল ৩টায় উপাচার্যের কনফারেন্স রুম থেকে ভার্চুয়াল প্লাটফর্মে এই প্রোগ্রাম অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের এ সংক্রান্ত এক অফিস আদেশে বলা হয়েছে, সরাসরি ক্লাশ শুরু হওয়ার পূর্বে অবশ্যই কলেজের শ্রেণিকক্ষ, বিজ্ঞানাগারসহ পুরো ক্যাম্পাস যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করে ক্লাস নেয়ার উপযোগী করতে হবে। সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ (প্রয়োজনে কলেজ টিকাদান কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ), স্বাস্থ্যবিধি মেনে চলা, সঠিকভাবে মাস্ক ব্যবহার, সামাজিক দূরত্ব রক্ষাসহ প্রয়োজনীয় পদক্ষেপ ও সচেতনতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়েছে।

এছাড়া একইদিনে আয়োজিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি, অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান। শিক্ষামন্ত্রী কর্তৃক ওরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন ঘোষণা করার পরপরই অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষবৃন্দকে সংশ্লিষ্ট শিক্ষক ও প্রথম বর্ষের শিক্ষার্থীদেরকে নিয়ে ওরিয়েন্টেশন কর্মসূচি পালনের জন্য বলা হয়েছে।

মোঃ ফয়জুল করিম  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দপ্তর  
জাতীয় বিশ্ববিদ্যালয়